

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
মন্ত্রীর দপ্তর
পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।

অতি জরুরি

স্মারক নং-৪৮.০০.০০০০.১০০.০১.০০১.২০১৭. ১১০


তারিখঃ ০২-০২-২০১৭ খ্রিঃ

বিষয়ঃ মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই নির্দেশিকা-২০১৬ এর যাচাই-বাছাই পদ্ধতির অনুচ্ছেদ-১০ এর বিধান যথাযথভাবে অনুসরণ প্রসঙ্গে।

আপনার সদয় অবগতির জন্য জানানো যে, কোন কোন উপজেলায় মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই কমিটি লাল মুক্তিবর্তা ও ভারতীয় তালিকাভুক্ত সকল মুক্তিযোদ্ধার সামনে তালিকাভুক্তির জন্য আবেদনকারীর সাক্ষাতকার না নিয়ে আলাদা কক্ষে বা পৃথকভাবে সাক্ষাতকার নিচ্ছেন মর্মে অভিযোগ পাওয়া যাচ্ছে। যা মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই নির্দেশিকা-২০১৬ এর যাচাই-বাছাই পদ্ধতির অনুচ্ছেদ-১০ এর বিধানের সুস্পষ্ট লংঘন। (অনুচ্ছেদ-১০ “ শুধুমাত্র ভারতীয় বা লাল মুক্তিবর্তায় তালিকাভুক্ত সংশ্লিষ্ট উপজেলাধীন সকল মুক্তিযোদ্ধাদের উপস্থিতিতে যাচাই-বাছাই পরিচালনা করা হবে ”)

০২। ফলশ্রুতিতে উপজেলা মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই কমিটির স্বচ্ছতা যেমন প্রশংসিত হলে তেমনি মুক্তিযোদ্ধা হিসেবে তালিকাভুক্তির জন্য আবেদনকারী সম্পর্কে লাল মুক্তিবর্তা ও ভারতীয় তালিকাভুক্ত বীর মুক্তিযোদ্ধাগণ মতামত বা বক্তব্য দেয়া হতে বঞ্চিত হচ্ছেন।

এমতাবস্থায়, মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই নির্দেশিকা-২০১৬ এর যাচাই-বাছাই পদ্ধতির অনুচ্ছেদ-১০ এর বিধানের যথাযথভাবে অনুসরণ করে লাল মুক্তিবর্তা ও ভারতীয় তালিকাভুক্ত সকল মুক্তিযোদ্ধার সামনে যাচাই-বাছাই করার জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মাননীয় মন্ত্রীর নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।



মোঃ জহুরুল ইসলাম রোহেল
যুগ্ম-সচিব
মাননীয় মন্ত্রীর একান্ত সচিব
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
টেলিফোন-৯৫৭০৭০৮

সভাপতি / সদস্য-সচিব/ সদস্য
উপজেলা মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই কমিটি, সকল উপজেলা।

- সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :
- ১। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
 - ২। মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল।
 - ৩। যুগ্ম-সচিব (আইসিটি), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
 - ৪। জেলা প্রশাসক, সকল জেলা।
 - ৫। উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা।